যুগান্তর

তারিখ .. 23 APR

পৃষ্ঠা · ১৮ · কলাম ·

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
১২৯ কলাবাগান (চতুর্থ তলা), মিরপুর রোড, ঢাকা-১২০৫
ফ্যাক্স : ৯১৩৪৯১৪, ওয়েবসাইট : www.ntrca.gov.bd

# বিজ্ঞপ্তি

তারিখ : ২১ এপ্রিল ২০০৮

নম্বর : বেশিনিক/সার্টিফিকেট/৮৪/০৭

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক ২০০৭ সালের তৃতীয় শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র দেশের ৬৪টি জেলার জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বিতরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে (কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলা ব্যতীত)। উক্ত পরীক্ষার মাধ্যমে নিবন্ধিতদের নিম্নবর্ণিত শর্ত পালন সাপেক্ষে ০১ জুন ২০০৮ তারিখের মধ্যে স্ব স্ব জেলার জেলা শিক্ষা অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।

কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলার নিবন্ধিতদের নামে প্রত্যয়নপত্র সরাসরি ডাকযোগে প্রেরণ করা হয়েছে।

## প্রত্যয়নপত্র গ্রহণ করতে যেসমস্ত কাগজপত্র প্রয়োজন

১. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূলকপি;
২. নিবন্ধন পরীক্ষার প্রবেশপত্র;
৩. দুই কপি সত্যায়িত ছবি (১ কপি স্ট্যাম্প সাইজ ও ১ কপি পাসপোর্ট সাইজ);
৪. প্রার্থীকে নিজে উপস্থিত থাকতে হবে;
৫. অসুস্থ প্রার্থীর ক্ষেত্রে ডাক্তারি সার্টিফিকেটসহ Authorised letter গ্রহণযোগ্য; (এক্ষেত্রে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রে ফটোকপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে)
৬. প্রবেশপত্র হারিয়ে গেলে/বিনষ্ট হলে থানার জিডি'র মূলকপি ও দৈনিক পত্রিকার বিজ্ঞপ্তির কাটিং আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে

সুশেন চন্দ্র রায়
সচিব